

া সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৩৯৫১

৬৪/ মাগাযী [যুদ্ধ] (كتاب المغازى)

পরিচ্ছেদঃ ৬৪/৩. বদর যুদ্ধের ঘটনা ও মহান আল্লাহর বাণী

بَابِ قِصَّةِ غَزْوَةِ بَدْرِ وَقَوْلِ اللهِ تَعَالَى

আরবী

يَحْيَى بْنُ بُكَيْرٍ حَدَّثَنَا اللَّيْثُ عَنْ عُقَيْلٍ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَبْدِ اللهِ بْنِ كَعْبِ أَنَّ عَبْدَ اللهِ بْنَ كَعْبِ قَالَ سَمِعْتُ كَعْبَ بْنَ مَالِكٍ يَقُوْلُ لَمْ أَتَخَلَّفْ عَنْ رَسُوْلِ اللهِ صلى الله عليه وسلم فِيْ غَزْوَةٍ غَزَاهَا إِلَّا فِيْ غَزْوَةٍ تَبُوْكَ غَيْرَ أَنِيْ تَخَلَّفْتُ عَنْ غَزْوَةٍ بَدْرٍ صلى الله عليه وسلم يُرِيْدُ عِيْرَ قُرَيْشٍ وَلَمْ يُعاتِبُ أَحَدٌ تَخَلَّفَ عَنْهَا إِنَّمَا خَرَجَ رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم يُرِيْدُ عِيْرَ قُرَيْشٍ حَتَى جَمَعَ اللهُ بَيْنَهُمْ وَبَيْنَ عَدُوّهِمْ عَلَى غَيْرِ مِيْعَادٍ.

বাংলা

(وَلَقَدْ نَصَرَكُمُ اللهُ بِبَدْرٍ وَّأَنْتُمْ أَذِلَّةٌ جَ فَاتَّقُوا اللهَ لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ _ إِذْ تَقُولُ لِلْمُوْمِنِيْنَ أَلَنْ يَّكُوْيَكُمْ أَنْ يُمِدَّكُمْ رَبُّكُمْ بِخَمْسَةِ رَبُّكُمْ بِثَلْتَةِ اللهِ مِّنَ الْمَلَّئِكَةِ مُنْزَلِيْنَ _ بَلَى لا إِنْ تَصْبِرُوْا وَتَتَّقُواْ وَيَأْتُوْكُمْ مِّنْ فَوْرِهِمْ هٰذَا يُمْدِدْكُمْ رَبُّكُمْ بِخَمْسَةِ اللهِ مِنْ الْمَلَّئِكَةِ مُسَوِّمِیْنَ _ وَمَا النَّصْرُ إِلَّا مِنْ عِنْدِ اللهِ الْعَزِیْنِ الْمَلَّئِكَةِ مُسَوِّمِیْنَ _ وَمَا النَّصْرُ إِلَّا مِنْ عِنْدِ اللهِ الْعَزِیْنِ الْمَكِیْمِ لا _ لِیَقْطَعَ طَرَفًا مِّنَ الَّذِیْنَ كَفَرُوْآ أَقْ یَكْبِتَهُمْ فَیَنْقَلِبُوْا خَآئِبِیْنَ)

وَقَالَ وَحْشِيٌّ قَتَلَ حَمْزَةُ طُعَيْمَةَ بْنَ عَدِيِّ بْنِ الْخِيَارِ يَوْمَ بَدْرٍ وَقَوْلُهُ تَعَالَى (وَإِذْ يَعِدُكُمُ اللهُ إِحْدَى الطَّآثِفَتَيْنِ أَنَّهَا لَكُمْ وَتَوَدُّوْنَ أَنَّ غَيْرَ ذَاتِ الشَّوْكَةِ تَكُوْنُ لَكُمْ) الآيَةَ الشَّوْكَةُ الْحَدُّ

মহান আল্লাহর বাণীঃ "আর এ তো সুনিশ্চিত যে, আল্লাহ বদর যুদ্ধে তোমাদের সাহায্য করেছিলেন, অথচ তোমরা ছিলে দুর্বল। সুতরাং তোমরা আল্লাহকে ভয় কর, যেন তোমরা ছকরগুজারী করতে পার। স্মরণ কর, তুমি যখন মু'মিনদের বলছিলেঃ তোমাদের জন্য একি যথেষ্ট নয় যে, আসমান হতে অবতীর্ণ হওয়া তিন হাজার মালায়িকাহ দিয়ে তোমাদের রব তোমাদের সাহায্য করবেন? হ্যাঁ, অবশ্যই। যদি তোমরা ধৈর্যধারণ কর এবং তাক্ওয়া অবলম্বন কর; তবে কাফির বাহিনী অতর্কিতে তোমাদের উপর আক্রমণ করলে আল্লাহ পাঁচ হাজার চিহ্নিত মালায়িকাহ দিয়ে তোমাদের সাহায্য করবেন। এটা তো আল্লাহ শুধু এজন্য করেছেন যেন তোমাদের জন্য সুসংবাদ হয়, যাতে তোমাদের অন্তর প্রশান্তি লাভ করে। আর সাহায্য তো শুধুমাত্র পরাক্রমশালী মহাবিজ্ঞ আল্লাহর তরফ হতে হয়ে থাকে। যাতে ধ্বংস করে দেন কাফিরদের কোন দলকে অথবা লাঞ্ছিত করে দেন তাদের, যেন তারা



নিরাশ হয়ে ফিরে যায়।" (সূরাহ আলে 'ইমরান ৩/১২৩-১২৭)

ওয়াহশী (রাঃ) বলেন, বদর যুদ্ধের দিন হাম্যাহ (রাঃ) তু'আয়মা ইবনু আদী ইবনু খিয়ারকে হত্যা করেছিলেন। আল্লাহর বাণীঃ "স্মরণ কর, আল্লাহ্ তোমাদের সঙ্গে ওয়াদা করেছিলেন যে, দু'টি দলের একটি তোমাদের করতলগত হবে।" (সূরাহ আনফাল ৮/৭)

৩৯৫১. 'আবদুল্লাহ ইবনু কা'ব (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি কা'ব ইবনু মালিক (রাঃ)-কে বলতে শুনেছি যে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ্ 'আলাইহি ওয়াসাল্লাম যে সব যুদ্ধে অংশ গ্রহণ করেছেন তার মধ্যে তাবৃকের যুদ্ধ ব্যতীত অন্য কোন যুদ্ধে আমি অনুপস্থিত ছিলাম না। তবে বদর যুদ্ধে আমি অনুপস্থিত ছিলাম। কিন্তু বদর যুদ্ধে যারা যোগদান করেননি তাদেরকে কোন প্রকার দোষারোপ করা হয়নি। আসলে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ 'আলাইহি ওয়াসাল্লাম কুরাইশ কাফিলার উদ্দেশেই যাত্রা করেছিলেন। কিন্তু পূর্ব নির্ধারিত পরিকল্পনা ব্যতীতই আল্লাহ্ তা'আলা তাদের (মুসলিমদের) সঙ্গে তাদের দুশমনদের মুকাবালা করিয়ে দেন। [২৭৫৭] (আধুনিক প্রকাশনীঃ ৩৬৬০, ইসলামিক ফাউন্ডেশনঃ ৩৬৬৩)

English

Narrated Ka'b bin Malik:

I never failed to join Allah's Messenger (ﷺ) in any of his Ghazawat except in the Ghazwa of Tabuk. However, I did not take part in the Ghazwa of Badr, but none who failed to take part in it, was blamed, for Allah's Messenger (ﷺ) had gone out to meet the caravans of (Quraish, but Allah caused them (i.e. Muslims) to meet their enemy unexpectedly (with no previous intention).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবনু কা'ব ইবনু মালিক (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন